


# কালের কণ্ঠ

---

আপডেট : ২৬ মার্চ, ২০১৯ ২৩:০০

রাবি আর্কাইভস ও বিদ্যাবার্তার প্রকাশনা উদ্বোধন

 রাবি আৰ্কাইভস ও বিদ্যাবার্তার প্রকাশনা উদ্বোধন

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) ইতিহাস-ঐতিহ্যকে আর্কাইভে সংরক্ষণের উদ্যোগ নেওয়া হয়েছে। এই লক্ষ্য সামনে রেখে আর্কাইভস ও ত্রৈমাসিক একাডেমিক নিউজলেটার বিদ্যাবার্তার প্রকাশনার যাত্রা শুরু হলো। গতকাল মঙ্গলবার সকাল ৮টায় শহীদ সৈয়দ নজরুল ইসলাম ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে আর্কাইভস ও বিদ্যাবার্তার উদ্বোধন করেন রাবি উপাচার্য অধ্যাপক আব্দুস সোবহান।

অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক আব্দুস সোবহান ফলক, আর্কাইভস ও মোড়ক উন্মোচন করে বিদ্যাবার্তার প্রকাশনা উদ্বোধন করেন। এ সময় তিনি বলেন, দেশের অন্যতম বৃহৎ এই বিশ্ববিদ্যালয় ক্রমেই এগিয়ে যাচ্ছে। একে যুগোপযোগী করে আরো এগিয়ে নিতে ৫০ বছর মেয়াদি মাস্টারপ্ল্যান প্রণয়ন করা হচ্ছে। এরই মধ্যে আর্কাইভস প্রতিষ্ঠার মাধ্যমে তার বাস্তবায়নও শুরু হয়েছে।

[Print](#)

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com